# উপজেলা পরিষদ

## কালিগঞ্জ, সাতক্ষীরা।

### অক্টোবর ২০২৩ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

অধিবেশন নং - ১০/২০২৩

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | সাঈদ মেহেদী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কালিগঞ্জ, সাতক্ষীরা |
| সভার তারিখ | ঃ | ২৯-১০-২০২৩ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১০.৩০ মিঃ |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, কালিগঞ্জ |

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (উপস্থিত পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত পরিশিষ্ট 'খ')।

সভার প্রারম্ভে উপস্থিত চেয়ারম্যানগণ ও সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ সাতক্ষীরাকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানান এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে বিগত ২৬/০৯/২০২৩ তারিখের ৯/২০২৩ নং সভায় ৪ নং অনুচ্ছেদে বর্ণিত স্বাস্থ্য বিভাগের কার্যক্রমে গৃহিত প্রকল্পের নাম সংশোধনসহ সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়।

২. বিভাগীয় আলোচনা ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>২.(ক) উপজেলা প্রকৌশলীর সভায় জানান যে, এডিপি/২০২৩-২৪ অর্থবছরে ১ম কিস্তির ২৩.২৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এডিপি ৪ কিস্তি ধরে (২৩.২৪*৪)=৯২.৯৬ লক্ষ টাকা বরাদ্দ অনুযায়ী খাতওয়ারী অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প ইউনিয়ন চেয়ারম্যানগণ দাখিল করেছেন। উক্ত প্রকল্পগুলো বাছাই কমিটির মাধ্যমে বাছাই করে তালিকা করা হয়েছে। বাছাইকৃত প্রকল্পের তালিকা অনুমোদনের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | এডিপি/২০২৩-২৪ অর্থবছরে বিভিন্ন ইউনিয়ন হতে খাতওয়ারী অগ্রাধিকার ভিত্তিতে বাছাইকৃত প্রকল্পের তালিকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। (২০২৩-২০২৪ অর্থবছরে এডিপি বরাদ্দকৃত টাকার প্রকল্প তালিকা পরিশিষ্ট (গ) অনুচ্ছেদে সংযুক্ত) | উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| (খ) সভায় জানানো হয় যে, কালিগঞ্জ উপজেলা পরিষদের অডিটরিয়াম ভবনে প্রায় সময় বিভিন্ন সভা সমাবেশ, বিভিন্ন কর্মশালা ও বিভিন্ন অনুষ্ঠান হয়ে থাকে। কিন্তু অডিটরিয়ামের আসবাবপত্র, ইলেকট্রনিক সামগ্রী সহ অডিটরিয়ামের দেওয়ালের প্লাষ্টার ও উপরের সিলিং নষ্ট হয়ে ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। ফলে প্রতিনিয়ত সভা সমাবেশ কর্মশালা করতে আয়োজকদের বিভিন্ন অসুবিধার সম্মুখিন হতে হচ্ছে। তাই অতিদ্রুত অডিটরিয়ামটি মেরামত করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | কালিগঞ্জ উপজেলা পরিষদের অডিটরিয়াম ভবনটি সরেজমিনে পরিদর্শন করে বিস্তারিত বিবরণ সহ প্রাক্কলন প্রস্তুত পূর্বক আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| (গ) সভায় জানান হয় যে, বিগত ০১/১১/২০২২ ও ০১/১২/২০২২ ইং তারিখ উপজেলা পরিষদ সভায় উপজেলা শহর (নন মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রণয়ন করা হয়েছিল। কিন্তু গুরুত্ব বিবেচনা করে ড্রেণের ও রাস্তার মাষ্টারপ্লানে পুনরায় সংশোধনী আনা হয়। মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থবছরের কালিগঞ্জ উপজেলার শহরকেন্দ্রিক BC সড়ক নির্মাণ ও সংস্কার ঃ (১) উজয়মারী (প্রাথমিক বিদ্যালয় সড়ক) সুধির ঘোষের বাড়ি হইতে দুদ্দলী আনোয়ার হাউজ সড়ক (০০-৫০০ মিঃ) নির্মাণ (২) খালনা গ্রাম্য সড়ক (০০-৫০০ মিঃ) (প্রাথমিক বিদ্যালয়) নির্মাণ। (৩) মৌতলা ইউপি (বাজার) বালিয়াডাঙ্গা জিসি ভায়া চাতরা রোড রাস্তা সংস্কার ও ড্রেন নির্মাণ। (৪) উপজেলা পরিষদের অভ্যন্তরীন সড়ক BC দ্বারা সংস্কার (৫) ওয়েষ্ট মৌতলা অলি মেম্বার হাউজ টু সিড স্টোর মসজিদ রোড ভায়া আনছার কমান্ডার হাউজ ড্রেনঃ (১) উপজেলা পরিষদের পিছন দিয়ে নাজিমগঞ্জ বাজার ড্রেন নির্মাণ (২) মৌতলা বাজার ড্রেন নির্মাণ। টয়লেট নির্মাণ ঃ (১) উপজেলা পরিষদ সংলগ্ন সড়কের | উপজেলা শহর (নন মিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রণয়ন করা হয়েছিল। কিন্তু গুরুত্ব বিবেচনা করে ড্রেনের ও রাস্তার মাষ্টারপ্লানে পুনরায় সংশোধনী আনা হয়। মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থবছরের কালিগঞ্জ উপজেলার শহরকেন্দ্রিক BC সড়ক নির্মাণ ও সংস্কার ঃ (১) ২৮৭৪৭৫০৫৫- উজয়মারী সুধির ঘোষের বাড়ি হইতে দুদ্দলী আনোয়ার হাউজ সড়ক (০০-৫০০ মিঃ) নির্মাণ (২) ২৮৭৪৭৫১৪৫- খালনা গ্রাম্য সড়ক (০০-৫০০ মিঃ) নির্মাণ। (৩) ২৮৭৪৭৩০১২ মৌতলা ইউপি (বাজার) বালিয়াডাঙ্গা জিসি ভায়া চাতরা রোড রাস্তা সংস্কার ও ড্রেন নির্মাণ। (৪) ২৮৭৪৭৫২২৯-উপজেলা পরিষদের অভ্যন্তরীন সড়ক (৫) ২৮৭৪৭৫৩৮৮-ওয়েষ্ট মৌতলা অলি মেম্বার হাউজ টু সিড স্টোর মসজিদ রোড ভায়া আনছার কমান্ডার হাউজ BC দ্বারা সংস্কার। ড্রেনঃ (১) উপজেলা পরিষদের পিছন দিয়ে নাজিমগঞ্জ বাজার ড্রেন নির্মাণ (২) মৌতলা বাজার ড্রেন নির্মাণ। টয়লেট নির্মাণ ঃ (১) উপজেলা পরিষদ সংলগ্ন সড়কের পার্শ্বে গণশৌচাগার নির্মাণ। (২) বসন্তপুর | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ৫। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, যেসকল শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিয়ন পরিষদে পরিত্যক্ত জায়গা রয়েছে সেগুলোকে সবজি চাষের আওতায় নিয়ে আসার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে চাহিদা মোতাবেক বীজ সরবরাহ করা হবে। এছাড়া চলতি অর্থবছরে এ উপজেলায় বোরো ধানের লক্ষ্যমাত্রা ৬৯৬৬ হেক্টর। প্রণোদনা কর্মসূচির আওতায় ২২১০ জন চাষীকে বিনামূল্যে বিনা সরিষা-১১ ও বারী সরিষা-১৪ সহ সার বীজ সরবরাহ করা হয়েছে। এছাড়া এ উপজেলার একটি গ্রামকে নিরাপদ সবজি উৎপাদন গ্রাম ও একটি গ্রামকে ভার্মি কম্পোজ গ্রামে রুপান্তর প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | যেসকল শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিয়ন পরিষদ পরিত্যক্ত সবজি বাগান করতে ইচ্ছুক তারা অতিদ্রুত উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে চাহিদা প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ইতোপূর্বে এ উপজেলার সকল ইউনিয়নে ভ্যাকসিন কার্যক্রম চলমান আছে। এছাড়া প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে কমিউনিটি এক্সটেনশন এজেন্টগণের মাধ্যমে লাগানো হবে। উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, যে সকল ইউনিয়নে পতিত জায়গা রয়েছে সেসব জায়গায় উন্নত জাতের ঘাস লাগানোর জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখাসহ বিভিন্ন ইউনিয়নে পতিত জমি ঘাস লাগানোর জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,<br>কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, সম্প্রতি দুর্গাপূজায় এ উপজেলার ৫১টি মন্দিরে ২৫ লক্ষ মেট্রিক টন চাউল বিতরণ করা হয়েছে। এছাড়া এ উপজেলায় ৪টি মুজিব কেল্লা নির্মাণের অনুমতি ছিল কিন্তু জায়গার সমস্যার কারণে নতুন ইউনিয়ন ব্যতিত ৩টি মুজিব কেল্লা নির্মিত হয়েছে। এছাড়া অন্যান্য কাজ স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৮। উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>(ক) উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, এ উপজেলার ৩৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ঝুঁকিপূর্ণ এবং জরাজীর্ণ হয়ে পড়েছে। যেকোন মুহূর্তে বিদ্যালয়সমূহে দূর্ঘটনা ঘটার সম্ভবনা রয়েছে। তাই অতি জরুরী ভিত্তিতে এ সকল বিদ্যালয়সমূহ মেরামত করা প্রয়োজন। এছাড়া ২২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ করা প্রয়োজন। এ সকল বিদ্যালয়ের প্রয়োজনীয় কাগজপত্র সহ উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | এ উপজেলায় ঝুঁকিপূর্ণ ও জরাজীর্ণ ৩৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয় মেরামত ও ২২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় সকল কাগজপত্র উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ৯। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বাল্য বিবাহ, নারীর প্রতি সহিংসতা, মানব পাচার, ইভটিজিং, মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ ও যৌতুক প্রতিরোধ সংক্রান্ত বিষয়ে নলতা, ধলবাড়িয়া, এবং ভাড়াশিমলা ইউনিয়নে সচেতনমূলক উঠান বৈঠক করা হয়েছে। ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কর্মসূচির আওতায় ২০২৩-২৪ চক্রে অক্টোবর/২৩ মাসে ৪টি ইউনিয়নে খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, ১লা জানুয়ারি থেকে সারাদেশে একযোগে উৎসবমুখর পরিবেশে শিক্ষার্থীদের হাতে নতুন বই বিতরণ করা হবে। এরই ধারাবাহিকতায় ইতোমধ্যে প্রায় সকল স্কুলে বই পৌছানো কার্যক্রম চলমান আছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | মাধ্যমিক শি[illegible] অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, চলতি মাসে ক্ষুদ্রঋণ খাতে ৩০টি স্কীমের বিপরীতে ১৫ লক্ষ টাকা বিনিয়োগ করা হয়েছে এবং ৬০টি স্কীমের বিপরীতে ২৮ লক্ষ টাকা পুনঃবিনিয়োগ করা হয়েছে। ৫জন ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড ও থ্যালাসামিয়া আক্রান্ত রোগীদের মৃত্যুর বিপরীতে তাদের স্বজনকে মাথাপিছু ৫০০০০/- টাকা করে ২,৫০,০০০/- টাকার চেক বিতরণ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১২। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৩। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের ঋণদান কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নাই। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৪। বন বিভাগের কার্যক্রম ঃ<br>কালিগঞ্জ উপজেলা বন বিভাগের ফরেস্টার জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা বন বিভাগের ফরেস্টার কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা । |
| ১৫। উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, আগামী ৪ নভেম্বর ২০২৩ খ্রিঃ ৫২তম জাতীয় সমবায় দিবস। সারা দেশের ন্যায় এ উপজেলায় যথাযোগ্য মর্যাদায় সমবায় দিবস পালন করা হবে। সমবায় দিবসে এবার প্রতিপাদ্য বিষয় হচ্ছে, ''সমবায়ে গড়ছি দেশ, স্মার্ট হবে বাংলাদেশ''। এছাড়া সমবায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | আগামী ৪ নভেম্বর ২০২৩ খ্রিঃ ৫২তম জাতীয় সমবায় দিবসকে সফল করতে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৬। উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন অফিসারকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১৭। উপজেলা পরিসংখ্যান বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, কালিগঞ্জ উপজেলার নির্ধারিত ৪টি নমুনা এলাকায় অনলাইন অ্যাপসের মাধ্যমে জন্ম-মৃত্যু, আগমন-বর্হিগমন, বিবাহ-তালাক সংক্রান্ত তথ্য সংগ্রহ ও প্রেরণ করা হয়েছে। এছাড়া পাট ও আউশের নমুনা কর্তন তালিকা, বন জরিপ ও ভূমি ব্যবসা ও সেচ পরিসংখ্যান জরিপের তথ্য ও আউশ ফসলের হিসাব, মূল্য ও উৎপাদন খরচ জরিপ সম্পন্ন হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

| | | |
|---|---|---|
| ১৮। জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে। কোন সমস্যা নেই। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কালিগঞ্জ, সাতক্ষীরাকে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্থ্য, কালিগঞ্জ,সাতক্ষীরা। |
| ১৯। উপজেলা খাদ্য বিভাগের কার্যক্রম ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কালিগঞ্জ, সাতক্ষীরাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২০। উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যক্রম ঃ<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তাকে আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২১। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) ঃ<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ইউডিএফ জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ৬ষ্ঠ রাউন্ডের অবকাঠামো ২টি প্রকল্পের প্রস্তাবনা পাশ হয়েছে। ইতোমধ্যে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। অতিদ্রুত কাজ শুরু করা হবে। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ইউডিএফকে তার কাজের অগ্রগতির প্রশংসা করে ধন্যবাদ জানান। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৬ষ্ঠ রাউন্ডের ২টি অবকাঠামো প্রকল্পের কাজ অতিদ্রুত ও যথাযথভাবে বাস্তবায়ন সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP), কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২২। সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি ঃ<br>সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ডিজিএম জানান যে, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের পরিপত্র মোতাবেক নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে নেট মিটারসহ রুফটপ সোলার সিষ্টেম স্থাপন করতে হবে। এর ফলে গ্রাহকরা যে পরিমাণ বিদ্যুৎ ব্যবহার করবে সেই পরিমাণ বিদ্যুৎ এই সোলার সিষ্টেমের মাধ্যমে জাতীয় গ্রিডে যোগ হবে। এক্ষেত্রে আবাসিক, বাণিজ্যিক, শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল, দাতব্য প্রতিষ্ঠানে সিঙ্গেল ফেজ সংযোগের ক্ষেত্রে ১ কিলোওয়াট এবং ৩ ফেজ সংযোগের ক্ষেত্রে ৩ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন নেট মিটার সোলার সিষ্টেম স্থাপন করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানকালে নেট মিটারসহ রুফটপ সোলার সিষ্টেম স্থাপন করতে হবে। এ বিষয়ে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ২৩। উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক ঃ<br>উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক বলেন যে, চলতি মাসে ৫.১৭ লক্ষ টাকা সঞ্চয় আদায় হয়েছে। ঋণ বিতরণ ১৬০.০৮ লক্ষ টাকা এবং খেলাপী ঋণ ৩১%। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপককে তার দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক, উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, কালিগঞ্জ, সাতক্ষীরা। |

<table>
<tr>
<td>২৪। পানি উন্নয়ন বোর্ডের কার্যক্রম ঃ<br>পানি উন্নয়ন বোর্ডের প্রকৌশলী সভায় জানান যে, রতনপুর ইউনিয়নের লাউতলী খাল, কলকলি খাল খনন করা হয়েছে। এ সময় উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, খাল দুইটির বিভিন্ন জায়গায় এখনো সঠিকভাবে খনন করা হয়নি। তাই অতিদ্রুত খাল দুইটি খনন করার জন্য অনুরোধ জানান। এছাড়া এ উপজেলার বিভিন্ন ইউনিয়ন যে সকল স্লুইচ গেটের পাটাগুলো নষ্ট হয়ে গেছে সেগুলো অতিদ্রুত নতুন পাটা/মেরামত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি আরো বলেন বসন্তপুর নৌবন্দরকে যুগোপযোগী করার জন্য কাঁকশিয়ালী নদী হয়ে গোয়ালঘেসিয়া নদী চাম্পাফুল ইউনিয়নের গুতিয়াখালী নদী খনন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই কাঁকশিয়ালী নদী হয়ে গোয়ালঘেসিয়া ও চাম্পাফুল ইউনিয়নের গুতিয়াখালী নদী খনন করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানান। দক্ষিণ শ্রীপুর ইউপি চেয়ারম্যান সাহেব বলেন, দক্ষিণ শ্রীপুর ইউনিয়নে গোবিন্দকাটি স্লুইচ গেট থেকে বাঁশতলা স্লুইচ গেট পর্যন্ত (কাটাখালির খাল ৬.৫ কিঃমিঃ) খনন করা অত্যন্ত প্রয়োজনীয়। এই খাল খনন করা হলে খালের দুই ধারে ন্যূনতম ৫ হাজার হেক্টর জমি কৃষি খাদ্য শস্য উৎপাদন ও আধুনিক মৎস্য চাষের আওতায় আনা সম্ভব হবে। তাই অতিদ্রুত খালটি খননের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের জন্য অনুরোধ করেন। এ বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>(১) রতনপুর ইউনিয়নের লাউতলী খাল, কলকলি খালের যে সকল জায়গাগুলো এখনো খনন করা হয়নি সেগুলো অতিদ্রুত খননের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(২) এ উপজেলার বিভিন্ন ইউনিয়ন যে সকল স্লুইচ গেটের পাটাগুলো নষ্ট হয়ে গেছে সেগুলো অতিদ্রুত নতুন পাটা/মেরামত করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(৩) বসন্তপুর নৌবন্দরকে যুগোপযোগী করার জন্য কাঁকশিয়ালী নদী হয়ে গোয়ালঘেসিয়া নদী চাম্পাফুল ইউনিয়নের গুতিয়াখালী নদী খননের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(৪) দক্ষিণ শ্রীপুর ইউনিয়নে গোবিন্দকাটি স্লুইচ গেট থেকে বাঁশতলা স্লুইচ গেট পর্যন্ত (কাটাখালির খাল ৬.৫ কিঃমিঃ) খননের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>প্রকৌশলী, [illegible] বোর্ড, কালিগ[illegible] সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td>২৫। উপজেলা (BADC) বিভাগের কার্যক্রম ঃ<br>(ক) উপজেলা বিএডিসি (বীজ বিপনন) বিভাগের কর্মকর্তা জানান যে, এ উপজেলায় ২০২৩-২৪ সনে বোরো ধান চাষাবাদের জন্য ৬০০০ কেজি বীজ মজুদ আছে। আগে আসলে আগে পাবেন ভিত্তিতে সরকারী নির্ধারিত মূল্যে কৃষকদের নিকট বিতরণ করা হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>(খ) উপজেলা বিএডিসি (সেচ) বিভাগের কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় বিভিন্ন ইউনিয়নে খাল পুনঃখনন, রেন ওয়াটার হার্ভেষ্টার ও বারিড পাইপের কাজ চলমান আছে। এছাড়া বিএডিসি বিভাগের প্রতিটি ইউনিয়নে যে সকল এলাকায় নিরাপদ খাবার পানির অগভীর/গভীর নলকূপ আছে সেই সকল এলাকা থেকে সেচ মিটার বন্ধ করা আশু প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এছাড়া কৃষি কাজে ব্যবহারের জন্য অগভীর নলকূপ স্থাপনের লাইসেন্স প্রাপ্তির নিম্নবর্ণিত কৃষকগণ আবেদন করলে লাইসেন্সের জন্য দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখিত স্থান সরেজমিনে পরিদর্শন করে সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এবং বাছাই কমিটির সদস্য-সচিব, উপসহকারী প্রকৌশলী, বিএডিসি প্রতিবেদন দাখিল করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>(ক) যে সকল ইউনিয়নে চাষীরা বোরো ধানের চাষাবাদ করতে ইচ্ছুক তাদেরকে সরকারী নির্ধারিত মূল্যে উপজেলা বিএডিসি (বীজ বিপনন) বিভাগ থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।<br><br>(খ) কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ (এস,আর,ও নং ১২৮- আইন/২০১৯)-এর ৬(১) ধারা মোতাবেক দাখিলকৃত আবেদনপত্র এবং কমিটির প্রতিবেদন বিবেচনা ক্রমে উপবিধি ৬(২) এ উল্লেখিত লাইসেন্স ফি প্রাপ্তি সাপেক্ষে বর্ণিত ব্যক্তিদের অনুকূলে নলকূপ স্থাপনের লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।
<table>
<tr><th>ক্রনং</th><th>নাম, পিতার নাম</th><th>ঠিকানা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>মোঃ আব্দুল গফুর, পিং-মৃত মতলেব শেখ</td><td>গাড়ুইমহল</td><td>যোগ্য</td></tr>
<tr><td>২.</td><td>গোলাম মোস্তফা গাজী, পিং- রজব আলী গাজী</td><td>কালিকাপুর</td><td>যোগ্য</td></tr>
<tr><td>৩.</td><td>মোঃ ইমদাত হোসেন, পিং-মোঃ অমেদ আলী</td><td>চৌধুর আটি</td><td>যোগ্য</td></tr>
<tr><td>৪.</td><td>মোঃ আবুল হোসেন, পিং-মোঃ জুম্মান আলী</td><td>সদরকাটি</td><td>যোগ্য</td></tr>
</table></td>
<td>সহকারী প্রকৌশলী, বিএডিসি, কালিগঞ্জ, সাতক্ষীরা।</td>
</tr>
<tr>
<td>২৬। উপজেলা আনসার ভিডিপির কার্যক্রম ঃ<br>উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা বা তার প্রতিনিধি সভায় উপস্থিত হয়নি। তার দপ্তরের কার্যক্রম আগামী সভায় উপস্থিত হয়ে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা আগামী সভায় উপস্থিত হয়ে তার দপ্তরের কার্যক্রম অবহিত করার জন্য অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা</td>
</tr>
</table>

২৭। বিবিধ ঃ

**(ক) উপজেলা পরিষদের কর্মচারীদ্বয়ের একই পদে ১০ বৎসর কর্মরত থাকলে ১১তম বৎসরে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন ভাতাদি প্রদান সংক্রান্ত ঃ**

সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদের কর্মচারী জনাব মোঃ ফরহাদুর রহমান ''সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর'' ও জনাব আবু হাসান ''জীপগাড়ি চালক'' জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭(১) অনুচ্ছেদ মোতাবেক উচ্চতর গ্রেডে বেতন পাওয়ার জন্য আবেদন করেছেন। বর্ণিত আবেদনপত্র দুটি সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কর্মচারীদ্বয় বিগত ০৬/০৩/২০১২ সালে উপজেলা পরিষদ কার্যালয়ে যোগদান করেন। জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী কোন কর্মচারী একই পদে ১০ বৎসর কর্মরত থাকলে ১১তম বছরে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন ভাতাদি পাবেন মর্মে নির্দেশনা রয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার ২৪ জুলাই ২০২৩ তারিখে ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০(অংশ-১)-৩৫৩ নং স্মারক পত্র মোতাবেক উক্ত কর্মচারীদ্বয়ের চাকুরীকাল সন্তোষজনক হওয়ায় ও কর্মচারীদের বিরুদ্ধে কোন প্রকার মামলা না থাকায় পরবর্তী উচ্চতর গ্রেড প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

উপজেলা পরিষদ কর্মচারী জনাব মোঃ ফরহাদুর রহমান ''সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর'' ও জনাব আবু হাসান ''জীপগাড়ি চালক''এর চাকরীকাল ১০ বৎসর পূর্ণ হওয়ায় জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭(১) অনুচ্ছেদ মোতাবেক ও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় স্থানীয় সরকার বিভাগ উপজেলা-১ শাখার ২৪ জুলাই ২০২৩ তারিখে ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০(অংশ-১)-৩৫৩ নং স্মারক পত্র মোতাবেক উক্ত কর্মচারীদ্বয়ের পরবর্তী ১১তম বছরে উচ্চতর গ্রেড অনুযায়ী বেতন ভাতা প্রদানের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।
২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৩) উপজেলা হিসাবরক্ষক কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।

**(খ) ৯ নং মথুরেশপুর ইউনিয়ন পরিষদের অর্ন্তগত কালিগঞ্জ উপজেলা পরিষদের অফিস কক্ষ ও আবাসিক বাসভবনের বকেয়া ট্যাক্স আদায় সংক্রান্ত ঃ**

সভায় জানানো হয় যে, ২০২৩-২৪ অর্থবছরে ০৯ নং মথুরেশপুর ইউনিয়ন পরিষদের অর্ন্তগত কালিগঞ্জ উপজেলা পরিষদের অফিস কক্ষ ও আবাসিক বাসভবনের বিগত ৫ বৎসরের বকেয়া ট্যাক্স সর্বমোট=১,৮০,০০০/- টাকা আদায়ের জন্য নিম্নোক্ত তালিকা সহ মথুরেশপুর ইউনিয়ন চেয়ারম্যান আবেদন করেছেন। উক্ত আবেদন সভায় উপস্থাপন করা হয় এবং বকেয়া ট্যাক্স পরিশোধের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়।

তালিকা সমুহ ঃ

| ক্রঃ নং | অফিস/ঘরের নাম | কক্ষ সংখ্যা |
|---|---|---|
| ১ | উপজেলা চেয়ারম্যান অফিস | ৪টি |
| ২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | ৮টি |
| ৩ | উপজেলা প্রকৌশলী | ৫টি |
| ৪ | উপজেলা তথ্য অফিস | ১টি |
| ৫ | উপজেলা খাদ্য অফিস | ২টি |
| ৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | ৪টি |
| ৭ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | ৪টি |
| ৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | ৪টি |
| ৯ | উপজেলা ম্যানেজার অফিস | ৭টি |
| ১০ | উপজেলা নির্বাচন অফিস | ৪টি |
| ১১ | উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | ১টি |
| ১২ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক | ৬টি |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | ১টি |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন অফিস | ৩টি |
| ১৫ | উপজেলা পরিসংখ্যান অফিস | ১টি |
| ১৬ | উপজেলা হিসাবরক্ষক অফিস | ১টি |
| ১৭ | উপজেলা সমাজসেবা অফিস | ৩টি |
| ১৮ | উপজেলা সমবায় অফিস | ২টি |
| ১৯ | উপজেলা মৎস্য অফিস | ২টি |
| ২০ | উপজেলা আনসার ভিডিপি অফিস | ১টি |
| ২১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অফিস | ৪টি |
| ২২ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | ৫টি |
| ২৩ | উপজেলা কৃষি অফিস | ৬টি |
| ২৪ | উপজেলা বিআরডিবি | ১টি |
| ২৫ | উপজেলা বন বিভাগ | ২টি |
| ২৬ | উপজেলা বিআরডিবি | ৮টি |
| ২৭ | উপজেলা একটি বাড়ি একটি খামার | ৬টি |
| ২৮ | উপজেলা প্রযোগ হোস্টেল | ৬টি |
| ২৯ | উপজেলা গেজেটেড কোয়ার্টার | ১২টি |
| ৩০ | উপজেলা নন গেজেটেড কোয়ার্টার | ৩৬টি |
| ৩১ | উপজেলা Uno বাংলো | ৬টি |
| ৩২ | উপজেলা চেয়ারম্যান বাংলো | ৬টি |
| ৩৩ | উপজেলা অফিসার্স ক্লাব | ২টি |
| ৩৪ | উপজেলা কর্মচারী ক্লাব | ১টি |
| ৩৫ | উপজেলা অডিটোরিয়াম | ১টি |
| ৩৬ | উপজেলা ডরমেটরি | ৮টি |
| ৩৭ | উপজেলা লেডিস ক্লাব | ১টি |
| ৩৮ | উপজেলা আনসার ব্যারাক | ১টি |

উপজেলা পরিষদের অফিস কক্ষ ও আবাসিক বাসভবনের বিগত ৫ বৎসরের বকেয়া ট্যাক্স সর্বমোট=১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা পরিশোধ করার বিষয়ে বিধি মতে যাচাই করে বিস্তারিত প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নবর্ণিত ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো।

| ক্রঃ নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | সহকারী কমিশনার (ভূমি) কালিগঞ্জ, সাতক্ষীরা। | আহবায়ক |
| ২ | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা। | সদস্য |
| ৩ | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা। | সদস্য |

বর্ণিত কমিটিকে প্রচলিত বিধিবিধান মতে যাচাই করে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানানো হয়।

১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।
২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।

পরিশেষে মুজিব বর্ষের অঙ্গীকার বাস্তবায়ন, উপজেলা পরিষদ স্টান্ডিং কমিটি কার্যকর, দ্রুত পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বাজেট বই প্রস্তুত, টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন, ইউনিয়ন ট্যাক্স ডে ঘোষণা, এসডিজি বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল কাজে স্বচ্ছতা রাখার আহবানসহ সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সাঈদ মেহেদী
উপজেলা পরিষদ চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-০৫.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.২৩- ১২৫৬

তারিখ : ২৯/১০/২০২৩ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭–সাতক্ষীরা-৩/ ১০৮–সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা

৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা

৫। সিভিল সার্জন, সাতক্ষীরা

৬। নির্বাহী প্রকৌশলী, সাতক্ষীরা পওর বিভাগ-১, বাপাউবো, সাতক্ষীরা

৭। সহকারী প্রকৌশলী, বিএডিসি ( সো:) সাতক্ষীরা

৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা

৯। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা

১০। উপজেলা ---------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা

১১। অফিসার ইনচার্জ, কালিগঞ্জ, সাতক্ষীরা

১২। উপ- বিভাগীয় প্রকৌশলী, কালিগঞ্জ পওর উপ- বিভাগ, বাপাউবো, কালিগঞ্জ, সাতক্ষীরা

১৩। চেয়ারম্যান ---------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা

১৪। জনাব ----------------------------------------কালিগঞ্জ, সাতক্ষীরা

২৯/১০/২০২৩

রহিমা সুলতানা বুশরা
উপজেলা নির্বাহী কর্মকর্তা
কালিগঞ্জ, সাতক্ষীরা
unokaliganj@gmail.com

২৯/১০/২০২৩ তারিখ কালিগঞ্জ, উপজেলা পরিষদের সাধারণ সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা

পরিশিষ্ট -'ক' উপস্থিত সদস্যবৃন্দ

| ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা | ক্রঃ নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাঈদ মেহেদী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ১ | জনাব রহিমা সুলতানা বুশরা | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | জনাব নাজিমুল ইসলাম | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ২ | জনাব ওয়াসীম উদ্দীন | উপজেলা কৃষি কর্মকর্তা, কালিগঞ্জ |
| ৩ | জনাব দিপালী রাণী ঘোষ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ | ৩ | জনাব ডাঃ শংকর কুমার দে | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, কালিগঞ্জ |
| ৪ | জনাব মোঃ মোজাম্মেল হক | চেয়ারম্যান, চাম্পাফুল ইউপি | ৪ | পক্ষে জনাব শামসুল আলম | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ |
| ৫ | জনাব গোবিন্দ চন্দ্র মন্ডল | চেয়ারম্যান, দঃ শ্রীপুর ইউপি | ৫ | জনাব মোঃ নাজমুল হুদা | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালিগঞ্জ |
| ৬ | জনাব মোঃ ফেরদাউস মোড়ল | চেয়ারম্যান মৌতলা ইউপি | ৬ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ (অঃদাঃ) |
| ৭ | জনাব মোঃ আব্দুল হাকিম | চেয়ারম্যান, মথুরেশপুর ইউপি | ৭ | জনাব ডাঃ প্রবীর কুমার মুর্খাজী | উপজেলা পঃ পঃ অফিসার, কালিগঞ্জ (অঃদাঃ) |
| ৮ | জনাব আজিজুর রহমান পক্ষে | চেয়ারম্যান, নলতা ইউপি | ৮ | জনাব মিস তানজিয়ারা খাতুন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ৯ | জনাব এম আলীম আল রাজী | চেয়ারম্যান, রতনপুর ইউপি | ৯ | জনাব আশীষ কুমার নন্দী | উপজেলা শিক্ষা অফিসার |
| ১০ | জনাব এনামুল হোসেন পক্ষে | চেয়ারম্যান, তারালি ইউপি | ১০ | জনাব মোঃ মিরাজ হোসেন খান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কালিগঞ্জ |
| ১১ | জনাব নাজমুল হাসান | চেয়ারম্যান, ভাড়াশিমলা ইউপি | ১১ | জনাব অর্ণা চক্রবর্তী | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, কালিগঞ্জ |
| | | | ১২ | জনাব জুয়েল হোসেন | উপ-সহকারী প্রকৌশলী, কালিগঞ্জ |
| | | | ১৩ | জনাব আবুল কালাম আজাদ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ |
| | | | ১৪ | জনাব এস এম আকরাম হোসেন | উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ |
| | | | ১৫ | জনাব শহিদুর রহমান | উপজেলা ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ |
| | | | ১৬ | জনাব কনক চন্দ্র অধিকারী | উপজেলা সমন্বয়কারী (একটি বাড়ি একটি খামার) কালিগঞ্জ |
| | | | ১৭ | জনাব শ্মশান কুমার মন্ডল | উপজেলা পরিসংখ্যান অফিসার, কালিগঞ্জ |
| | | | ১৮ | জনাব শুভেন্দু বিশ্বাস | উপ-সহকারী, প্রকৌশলী, পাউবো, কালিগঞ্জ |
| | | | ১৯ | জনাব মোঃ আব্দুর রহমান | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কালিগঞ্জ |
| | | | ২০ | জনাব আকরাম হোসেন | উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ |
| | | | ২১ | জনাব আসমাউল হুসনা (ইউডিএফ) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, কালিগঞ্জ |
| | | | ২২ | জনাব হৃদয় | উপ-সহকারী প্রকৌশলী, (বিএডিসি) সেচ, সাতক্ষীরা জোন |

পরিশিষ্ট -'খ' অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা | ক্রমিক নং | নাম | পদবী, ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব সাফিয়া পারভীন | চেয়ারম্যান, কৃষ্ণনগর ইউপি | ১ | জনাব ডাঃ মোঃ বুলবুল কবীর | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ অফিসার, কালিগঞ্জ |
| ২ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | চেয়ারম্যান, বিষ্ণুপুর ইউপি | ২ | জনাব মোঃ জাহিদুর রহমান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, কালিগঞ্জ |
| ৩ | জনাব গাজী শওকত হোসেন | চেয়ারম্যান, ধলবাড়িয়া ইউপি | ৩ | জনাব রুদ্র কিশোর মল্লিক | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, কালিগঞ্জ |
| ৪ | জনাব শেখ আবুল কাশেম মোহাম্মদ আব্দুল্লাহ | চেয়ারম্যান, কুশুলিয়া ইউপি | ৪ | জনাব নুর ইসলাম কাওজী | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা |
| | | | ৫ | জনাব মিনারা আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, কালিগঞ্জ |

পরিশিষ্ট (গ)

**কালিগঞ্জ উপজেলা এডিপি খাত/২০২৩-২০২৪ অর্থবছরের প্রকল্প বাছাই কমিটির সভার কার্যবিবরণী**

**সভার তারিখ** ঃ ২৯.১০.২০২৩ খ্রিঃ।
**সময়** ঃ বেলা ১১.০০ ঘটিকা
**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ
সভাপতি ঃ সাঈদ মেহেদী,উপজেলা চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য বিবরণী সভায় পাঠ করা হয় এবং কারো কোন আপত্তি না থাকায় তা দৃঢ়করণ করা হয়।

এডিপি/২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দের বিষয়ে উপজেলা প্রকৌশলী'র দৃষ্টি আকর্ষন করা হলে উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলায় ১ম কিস্তিতে ২৩.২৪ লক্ষ টাকার এডিপি বরাদ্দ পাওয়া গিয়েছে। ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির সম্ভাব্য বরাদ্দ ২৩.২৪ লক্ষ টাকা ধরে ৪(চার) কিস্তি বাবদ এডিপি বরাদ্দ (২৩.২৪*৪)=৯২.৯৬ লক্ষ টাকা খাতওয়ারী বিভাজন করার প্রস্তাব করা হয়। এ বিষয়ে উপজেলা চেয়ারম্যান মহোদয় সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে প্রকল্প তালিকা দাখিলের নির্দেশনা প্রদান করেন। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের নির্দেশনা মোতাবেক সকল ইউপি চেয়ারম্যানবৃন্দ নিজ নিজ পরিষদের সম্ভব্য প্রাক্কলনসহ প্রকল্প তালিকা অদ্য উপজেলা পরিষদ উন্নয়ন সভায় দাখিল করেন। উপজেলা পরিষদের উন্নয়ন সভায় দাখিলকৃত প্রকল্প সমূহ জনগুরুত্বপূর্ণ বিবেচনায় যাচাই বাছাই করে বিস্তারিত আলোচনা সাপেক্ষে নিম্ন লিখিত স্কীম সমূহ চূড়ান্তভাবে অনুমোদন প্রদান করেন। এমতাবস্থায় নিম্নে উল্লেখিত অনুমোদিত স্কীম সমূহ উপজেলা পরিষদের উন্নয়ন নির্দেশনা এবং পিপিআর-২০০৮ অনুসরণ পূর্বক অনলাইন টেন্ডার প্রক্রিয়া এবং পিআইসি সমূহ অফলাইনের মাধ্যমে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়।

| ইউনিয়নের নাম | ক্রমিক নং | প্রকল্পের নাম | বরাদ্দকৃত টাকা | মন্তব্য |
|---|---|---|---|---|
| কৃষ্ণনগর | ১ | রামনগর সাইফুল মিস্ত্রীর বাড়ির পার্শ্ব হতে ছলে আহম্মদ এর বাড়ী অভিমুখে রাস্তায় ইটের সোলিংকরণ | ১০০০০০ | পিআইসি |
| | ২ | নেংগী জাহাঙ্গীর আলম বাচ্চুর বাড়ীর পার্শ্ব হতে নুর ইসলাম গাজীর বাড়ীর অভিমুখে রাস্তায় ইটের সোলিংকরণ। | ১০১০০০ | টেন্ডার |
| | ৩ | দঃ রঘুরামপুর রুহুল আমিনের বাড়ীর পার্শ্ব হতে শফিকুলের বাড়ী অভিমুখে রাস্তায় ইটের সোলিংকরণ। | ১৯৯০০০ | টেন্ডার |
| | ৪ | কৃষ্ণনগরের কিষাণ মজুর হাইস্কুলে ডিজিটাল CC ক্যামেরা স্থাপন | ১০০০০০ | পিআইসি |
| বিষ্ণুপুর | ৫ | বিষ্ণুপুর প্রশান্ত সরদারের বাড়ী হতে ডাক্তার পুকুর কার্পেটিং রাস্তা পর্যন্ত ইট সোলিংকরণ। | ৩০০০০০ | টেন্ডার |
| | ৬ | বিষ্ণুপুর ইউনিয়নের বিভিন্ন প্রতিষ্ঠানে শীতকালীণ ক্রীড়া সামগ্রী বিতরণ। | ১০০০০০ | পিআইসি |
| | ৭ | বিষ্ণুপুর লস্কারকান্দা শিবপদ মন্ডলের বাড়ি হইতে নিরাপদ মন্ডলের বাড়ি অভিমুখে রাস্তা ইটসোলিংকরণ | ২৬০০০০ | টেন্ডার |
| চাম্পাফুল | ৮ | চাম্পাফুল ইউনিয়নে বিভিন্ন স্থানে খেলার সামগ্রী বিতরণ | ১০০০০০ | পিআইসি |
| | ৯ | চান্দুলিয়া ইটের সোলিং হইতে সোহরারের জমির পার্শ্ব হইতে আমিরুল গাজীর বাড়ি অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ৭৫০০০ | টেন্ডার |
| | ১০ | ঘুশুড়ী গফফারের বাড়ির সামনে ইটের সোলিং এর মুখ হইতে মতিয়ার মিস্ত্রীর বাড়ী অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ৭৫০০০ | টেন্ডার |
| | ১১ | চাঁদখালী আব্দুর রহিম শেখের জমির পর হইতে আব্দুল ওহাব শেখের বাড়ি অভিমুখে পাকা ড্রেন নির্মাণ। | ১৫০০০০ | টেন্ডার |
| দক্ষিণ শ্রীপুর | ১২ | ফতেপুর পালপাড়া ইটের রাস্তার মুখ হইতে পীচের রাস্তা অভিমুখে রাস্তা ইটের সোলিংকরণ। | ১৬৫০০০ | টেন্ডার |
| | ১৩ | বাঁশদহ পীচের রাস্তা হতে হরেন্দ্র মাষ্টারের বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিংকরণ। | ১৩৫০০০ | টেন্ডার |
| | ১৪ | দক্ষিণ শ্রীপুর ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে ক্রীড়া সামগ্রী বিতরন। | ১০০০০০ | পিআইসি |
| কুশুলিয়া | ১৫ | বাজারগ্রাম ১নং ওয়ার্ড বাবুর বাড়ি হইতে মিন্টুর বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং করন। | ২০০০০০ | টেন্ডার |
| | ১৬ | কুশুলিয়া পানু ময়রার বাড়ি হইতে অঞ্জনার বাড়ি অভিমুখে রাস্তা ইটের সোলিং করন। | ১০০০০০ | টেন্ডার |
| | ১৭ | গোবিন্দপুর মধুসূদনের বাড়ি হইতে মুরালী ডাক্তারের বাড়ি অভিমুখে প্লাসাইডিং | ১০০০০০ | পিআইসি |
| | ১৮ | মহৎপুর আমতলার মোড়ল ইসলামের বাড়ির পার্শ্ব হতে নাজমুল ইসলামের বাড়ি অভিমুখে রাস্তা আরসিসি করণ। | ৬০০০০০ | টেন্ডার |
| | ১৯ | গোজাডাঙ্গা প্রাথমিক বিদ্যালয় অভিমুখে অসমাপ্ত রাস্তা ইটসোলিংকরণ | ২৪০০০০ | টেন্ডার |
| নলতা | ২০ | নলতা ইউনিয়ন পরিষদের ৪টি ওয়ার্ডে জামে মসজিদের সামনে বসার স্থান নির্মাণ | ১০০০০০ | পিআইসি |
| | ২১ | নলতা ইউনিয়ন পরিষদ হইতে সিএন্ডবি অভিমুখে আরসিসি রাস্তা নির্মাণ | ৩০০০০০ | টেন্ডার |
| | ২২ | কাশিবাটি আব্বাসের হাটখোলা সংলগ্ন লিয়াকত সরদারের বাড়ি পাশ হইতে সাত্তারের বাড়ি পর্যন্ত রাস্তা প্যালাসাইটিংকরণ | ১৫০০০০ | পিআইসি |
| | ২৩ | কাশিবাটি সাকাতের বাড়ির পাশে প্যালাসাইটিংকরণ | ১৫০০০০ | পিআইসি |
| তারালী | ২৪ | রহিমপুর হাসানুর দোকান হইতে জমাত আলী সানার বাড়ী অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ১০০০০০ | টেন্ডার |
| | ২৫ | তেঁতুলিয়া গোপাল মাষ্টার বাড়ী হইতে তপন ডাক্তার বাড়ী হয়ে স্বদেশ বাড়ী অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ১০০০০০ | টেন্ডার |
| | ২৬ | বরেয়া মতিয়ার বাড়ী হতে আব্বাস সরদারের বাড়ী অভিমুখে রাস্তা সোলিংকরণ। | ১০০০০০ | টেন্ডার |
| | ২৭ | তারালী ইউনিয়নের বিভিন্ন স্থানে জলাবদ্ধতা দূরীকরণের নিমিত্তে পাইপ সরবরাহ। | ১০০০০০ | পিআইসি |
| [illegible] | [illegible] | [illegible] ইউনিয়নে বিভিন্ন স্থানে খেলাধুলার সামগ্রী বিতরণ | ১০০০০০ | পিআইসি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ২০০০০০ | টেন্ডার |
| | ২৯ | কামদেবপুর রেজাউল্লের বাড়ির সামনে হতে কারবালা মাঠ পর্যন্ত ইটের রাস্তা নির্মাণ | ১০০০০০ | টেন্ডার |
| | ৩০ | ভাড়াশিমলা ইউনিয়নের বিভিন্ন জায়গায় বসার জায়গা স্থাপন | ২০০০০০ | টেন্ডার |
| | ৩১ | ভাড়াশিমলা ইউনিয়নে ২ নং ওয়ার্ড গুইলপুর গ্রামের মৎস্য সেট হইতে ওয়াপদার শ্বশান পর্যন্ত রাস্তা ইট সোলিংকরণ। | ২০০০০০ | টেন্ডার |
| মথুরেশপুর | ৩২ | বসন্তপুর ইউপি সদস্য জাহানারার বাড়ী হইতে আবুল হোসেনের বাড়ী পর্যন্ত ৪০০ ফুট ড্রেন নির্মাণ | ২০০০০০ | টেন্ডার |
| | ৩৩ | নিজদেবপুর আরসাফের বাড়ী হইতে মহিষকুড় ব্রিজ অভিমুখে ২ কি.মি. ইট সোলিংকরণ | ১০০০০০ | পিআইসি |
| | ৩৪ | মথুরেশপুর ইউনিয়নের বিভিন্ন স্থানে স্বাস্থ্য শিক্ষা ও ক্রীড়া সামগ্রী বিতরণ। | ১০০০০০০ | টেন্ডার |
| | ৩৫ | কালিগঞ্জ উপজেলার বসন্তপুর রিভার্স ড্রাইভ ইকো পার্কে বিভিন্ন উন্নয়নমূলক কাজ | ১০০০০০ | টেন্ডার |
| | ৩৬ | কালিগঞ্জ উপজেলার পাউখালী প্রতিবন্ধী স্কুল উন্নয়ন | ২০০০০০ | পিআইসি |
| | ৩৭ | দেয়া বীর মুক্তিযোদ্ধা আঃ হাকিম চেঃ বাড়ির সামনে হতে রেজাউল হক ডাবলুর বাড়ি পর্যন্ত রাস্তা ইট সোলিং ও প্যালাসাইটিংকরণ | ১০০০০০ | পিআইসি |
| ধলবাড়িয়া | ৩৮ | ধলবাড়িয়া ইউনিয়নের বিভিন্ন খেলার মাঠে খেলার সামগ্রী বিতরণ | ১০০০০০ | টেন্ডার |
| | ৩৯ | দাড়িয়ালা বক্কারের বাড়ী হইতে নুর মোহাম্মদের বাড়ী অভিমুখে রাস্তা ইটের সোলিংকরণ। | ১০০০০০ | টেন্ডার |
| | ৪০ | রত্নেশ্বরপর ইসলামের বাড়ী হইতে খোকনের বাড়ী অভিমুখে রাস্তা ইটের সোলিংকরণ | ১০০০০০ | টেন্ডার |
| | ৪১ | ধলবাড়িয়া ইউনিয়নের ৪নং ওয়ার্ডে গাজীকাটি ব্রীজ হইতে অরবিন্দ মাষ্টারের বাড়ীর অভিমুখে রাস্তা ইটের সোলিংকরণ। | ১০০০০০ | টেন্ডার |
| | ৪২ | ৮নং ওয়ার্ড আশিকুড়া বাদশার দোকান হইতে মজনু হালদারের বাড়ী পর্যন্ত রাস্তা ইটের সোলিংকরণ। | ২০০০০০ | টেন্ডার |
| | ৪৩ | ২নং ওয়ার্ড সমসকাটি মোশাররফ সরদারের বাড়ী হইতে বিজিত মেম্বরের বাড়ীর অভিমুখে রাস্তা ইটের সোলিংকরণ। | ১০০০০০ | পিআইসি |
| | ৪৪ | ধলবাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে মাতৃদক্ষ দানকারী কর্ণার নির্মাণ। | ১০০০০০ | পিআইসি |
| রতনপুর | ৪৫ | রতনপুর বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন খেলার মাঠে খেলার সামগ্রী বিতরণ | ২০০০০০ | টেন্ডার |
| | ৪৬ | মলেঙ্গা বাবলু গাজীর বাড়ীর পার্শ্ব খালের উপর কাঠের স্যাকো নির্মাণ | ১০০০০০ | টেন্ডার |
| | ৪৭ | মলেঙ্গা আকবর গাজীর বাড়ীর পার্শ্ব হতে হাকিম গাজীর মোড় অভিমুখে রাস্তা ইটের সোলিংকরণ | ৪০০০০০ | টেন্ডার |
| মৌতলা | ৪৮ | দুদলী সিএন্ডবি রাস্তার পার্শ্বে শওকত এর দোকানের পার্শবর্তী খালের উপর অবস্থিত ব্রিজের দুই মুখে রাস্তা হইতে ব্রিজে উঠা নামার স্থানে আরসিসি ঢালাইকরণ। | ১০০০০০ | পিআইসি |
| অন্যান্য | ৪৯ | কালিগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে জন্ম ও মৃত্যু নিবন্ধন রেজিষ্টারকারণ সংক্রান্ত কার্যক্রম | ২০০০০০ | টেন্ডার |
| | ৫০ | কালিগঞ্জ উপজেলায় বিভিন্ন ইউনিয়নে আশ্রয়ন প্রকল্পে শিশুদের জন্য দোলনা ও স্লিপার খেলনা সরঞ্জাম বিতরণ | ১০০০০০ | পিআইসি |
| | ৫১ | কালিগঞ্জ উপজেলায় বিভিন্ন ইউনিয়নে কন্যা বর্তিকা পরিবারের মাঝে সহায়তা প্রদান | ৩০০০০০ | টেন্ডার |
| | ৫২ | কালিগঞ্জ উপজেলার বিভিন্ন স্কুল/মাদ্রাসায় বেঞ্চ সরবরাহ | ২০০০০০ | পিআইসি |
| | ৫৩ | পত্রিকা বিজ্ঞপ্তি, আনুসঙ্গিক ব্যয় ও তদারকি বিল বাবদ | ২০০০০০ | পিআইসি |
| | ৫৪ | কালিগঞ্জ উপজেলার বিভিন্ন মাঠে ফুটবল বিতরণ | ১৪৬০০০ | পিআইসি |
| | ৫৫ | কালিগঞ্জ উপজেলার বিভিন্ন মাঠে ভলিবল বিতরণ | ১০০০০০ | পিআইসি |
| | ৪৬ | কালিগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নে ঘেরের ভেড়ীতে সবজি চাষের বীজ ও চারা বিতরণ **সর্বমোট** | ৯৬৪৬০০০ | |
| | | | | |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনা সাপেক্ষে বর্ণিত প্রকল্প সমূহ ও প্রকল্প বাস্তবায়ন কমিটি চূড়ান্তভাবে অনুমোদন প্রদান করে উপজেলা পরিষদের উন্নয়ন নির্দেশনা এবং পিপিআর-২০০৮ অনুসরণ পূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়নের সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ১। উপজেলা নির্বাহী অফিসার, ২। উপজেলা প্রকৌশলী।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সুষ্ঠভাবে পরিষদ সভা পরিচালনায় সহযোগিতা করায় এবং সকলের সার্বিক সহযোগীতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(সাঈদ মেহেদী)
উপজেলা চেয়ারম্যান
কালিগঞ্জ, সাতক্ষীরা।

তারিখ ঃ ২৯.১০.২০২৩ খ্রিঃ।

স্মারক নং- ০৫.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.২৩/১২৫৪(১)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০১) মাননীয় জাতীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-৩/সাতক্ষীরা-৪।
০২) সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩) জেলা প্রশাসক, সাতক্ষীরা।
০৪) উপজেলা পরিষদ চেয়ারম্যান, কালিগঞ্জ, সাতক্ষীরা।
০৫) ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।
০৬) উপজেলা ............................................... কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা।
০৭) চেয়ারম্যান ........................................ইউপি, (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা।
০৮) জনাব ..................................................., কালিগঞ্জ, সাতক্ষীরা।

(রহিমা সুলতানা বুশরা)
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা।